

বগুড়ার ধুনট উপজেলায় ভুয়া শিক্ষার্থী দিয়ে প্রাথমিক ও এবতেদায়ী সমাপনী (পিইসি) পরীক্ষা দেওয়ানোর অভিযোগে তিন প্রধান শিক্ষককে শোকজ নোটিশ দেওয়া হয়েছে। একই সঙ্গে ২৪ জন ভুয়া পরীক্ষার্থীকে কেন্দ্র থেকে বহিষ্কার করা হয়েছে। গতকাল মঙ্গলবার সকাল ১১টার দিকে উপজেলার শিক্ষা কর্মকর্তা (টিও) কামরুল হাসান স্বাক্ষরিত পত্রে এ ব্যবস্থা নেওয়া হয়। উপজেলা শিক্ষা কর্মকর্তা কামরুল হাসান বলেন, ‘প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা প্রমাণ হওয়ায় সংশ্লিষ্ট তিন শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানকে তিন কার্যদিবসের মধ্যে জবাব দিতে পত্র দেওয়া হয়েছে। জবাব সন্তোষজনক না হলে আইন অনুযায়ী তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।’